

🔳 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقَعَة

আয়াতঃ ৫৬: ৪৭

আরবি মূল আয়াত:

وَ كَانُوا يَقُولُونَ آئِذَا مِتنَا وَ كُنَّا تُرَابًا وَّ عِظَامًا ءَاِنَّا لَمَبعُوثُونَ ﴿٢٧﴾

আর তারা বলত, 'আমরা যখন মরে যাব এবং মাটি ও হাড়ে পরিণত হব তখনও কি আমরা পুনরুখিত হব?' — আল-বায়ান

আর তারা বলত- 'আমরা যখন মরে যাব আর মাটি ও হাড়ে পরিণত হব, তখন কি আমাদেরকে (নতুন জীবন দিয়ে) আবার উঠানো হবে? — তাইসিক্ল

তারা বলতঃ মরে অস্থি ও মৃত্তিকায় পরিণত হলেও কি পুনরুখিত হব আমরা? — মুজিবুর রহমান

And they used to say, "When we die and become dust and bones, are we indeed to be resurrected? — Sahih International

৪৭. আর তারা বলত, মরে অস্থি ও মাটিতে পরিণত হলেও কি আমাদেরকে উঠানো হবে?

-

তাফসীরে জাকারিয়া

(৪৭) তারা বলত, 'মরে হাড় ও মাটিতে পরিণত হলেও কি আমরা অবশ্যই পুনরুখিত হব?

_

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5026

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন